

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
হোমনা, কুমিল্লা।

স্মারক নং - ৪১.০১.১৯৫৪.০০০.১৬.০১২.২২. ৩২৮


তারিখ: ৬ সেপ্টেম্বর ২০২২ খ্রি.

বিষয়: সংস্থার নিবন্ধন নিমিত্ত নামের ছাড়পত্রের জন্য যথাযথ নিয়ম অনুসরণপূর্বক আবেদন দাখিল সংক্রান্ত

উপর্যুক্ত বিষয়ের আলোকে আপনাদের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, উপজেলা সমাজসেবা কার্যালয়, হোমনা, কুমিল্লা এর মাধ্যমে উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, কুমিল্লা বরাবর নিবন্ধন নিমিত্ত সংস্থার নামের ছাড়পত্রের জন্য একখানা আবেদনপত্র নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করেছেন। দাখিলকৃত আবেদনপত্র পর্যালোচনাকালে নিবন্ধন গাইডলাইন অনুসরণপূর্বক আবেদন দাখিল করা হয়নি। নিম্নজ্ঞে গাইডলাইন অনুযায়ী দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

- ১। নিবন্ধন গাইডলাইন অনুযায়ী 'সংস্থার নামের ছাপপত্র' এর জন্য 'পরিশিষ্ট-১' অনুযায়ী নিবন্ধনকারী কর্তৃপক্ষ বরাবর আবেদন করতে হবে।
- ২। সংস্থার নামের ছাড়পত্রের আবেদনের সাথে (১) প্রস্তাবিত সংস্থার সভাপতি ও সাধারণ সম্পাদকের দুই কপি করে ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ছবি
- ৩। প্রস্তাবিত সংস্থার নামকরণ সংক্রান্ত সভার কার্যবিবরণী (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত)
- ৪। প্রস্তাবিত সংস্থার সভাপতি ও সাধারণ সম্পাদকের স্বাক্ষর সম্বলিত সংস্থার লক্ষ্য ও উদ্দেশ্য
- ৫। সকল সদস্যের জাতীয় পরিচয়পত্রের ছায়াকপি
- ৬। রক্ত সম্পর্কীয় একই পরিবারের ২ জনের বেশি সদস্য কার্যকরি সদস্য পদে নেই এই মর্মে প্রত্যয়নপত্র
- ৭। প্রাক-তদন্ত প্রতিবেদন
- ৯। এতিম নিবাসীর তালিকা
- ১০। কর্মকর্তা/কর্মচারীদের তালিকা

এমতাবস্থায় উপরিউল্লিখিত গাইডলাইন অনুযায়ী আবেদনপত্র পুনরায় দাখিল করার জন্য অনুরোধ করা হলো।



০৬/০৯/২০২২

(রাসেল আহমেদ)

উপজেলা সমাজসেবা অফিসার
হোমনা, কুমিল্লা।

সভাপতি/সম্পাদক

কলাগাছিয়া দারুল উলুম হাফিজিয়া এতিমখানা
কলাগাছিয়া, আসাদপুর, হোমনা, কুমিল্লা।

অনুলিপি: সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

১. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, কুমিল্লা
২. অফিস কপি